গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ
ক্লাব রোড, বরিশাল
www.food.barisaldiv.gov.bd

# আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির ২০২২-২৩ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মো: জাহাঙ্গীর আলম<br>আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক |
| সভার তারিখ | ১৫-০২-২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের সভাকক্ষ |
| উপস্থিতি | হাজিরা বিবরণী সংযুক্ত |

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যগণকে সভাপতি স্বাগত জানান। অতঃপর সকলের সাথে কুশল বিনিময় শেষে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলো :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নের অগ্রগতি, অন্তরায় ও প্রতিকার | সভার শুরুতেই আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ৩য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, ৩য় কোয়ার্টারে কার্যক্রম ১.১ (নৈতিকতা কমিটি সভা আয়োজন), ১.২ (নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন), ১.৩ (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা), ১.৪ (শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন), ৩.১ (সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতাদের মতামত সংরক্ষণ), ৩.২ (পরিদর্শন প্রতিবেদন এ সংক্রান্ত সফটওয়্যারে আপলোডকরণ) ও ৩.৩ (নিয়মিত উপস্থিতি, কাজের মান ও আচরণ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে ০১ জন করে সেরা কর্মচারী নির্বাচন)। | ১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ ১.৪ মোতাবেক শুদ্ধাচার সংক্রান্ত ৩য় ব্যাচের প্রশিক্ষণ আগামী ২৮/০২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আয়োজন করতে হবে। | প্রশাসন ও নেজারত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল। |
| | | সভায় ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রাভূক্ত কার্যক্রম বাস্তাবায়নে কোন ধরণে সমস্যা আছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট সকলেই জানান উক্ত কার্যক্রম বাস্তবায়নে আপাতত কোন সমস্যা নেই। কার্যক্রমসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হচ্ছে এবং ৩য় কোয়ার্টারের নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন হবে। সভাপতি লক্ষ্যমাত্রার কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য কোয়ার্টারের শেষ সময় পর্যন্ত অপেক্ষা না করে যে কাজ যত দ্রুত বাস্তবান করা সম্ভব সেটা তত দ্রুততার সাথে বাস্তবায়ন করতে বলেন। তাছাড়া প্রশিক্ষণ কার্যক্রম অনতিবিলম্বে বাস্তবায়নের বিষয়ে খাদ্য অধিদপ্তরের তাগিদ রয়েছে উল্লেখ করে কার্যক্রম ১.৪ মোতাবেক শুদ্ধাচার সংক্রান্ত ৩য় ব্যাচের প্রশিক্ষণ আগামী ২৮/০২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন | শুদ্ধাচার সংশ্লিষ্ট আরও কি কি কার্যক্রম ৩য় কোয়ার্টারের বাস্তবায়ন করা যায় সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে 'এক ইঞ্চি জমিও ফাঁকা রাখা যাবে না' মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুসরণে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল ও আওতাধীন পরিদর্শন বাংলোর সামনের খালি জায়গায় মৌসুমী শাক-সবিজ/মসলা/তেল বীজ আবাদের সিদ্ধান্ত গৃহীত হয়। সভাপতি গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক ৩০/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রমাণক ছবিসহ প্রতিবেদন দাখিলের জন্য নেজারাত শাখাকে নির্দেশ প্রদান করেন এবং এ বিষয়ে নেজারত শাখাকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের কর্মকর্তা-কর্মচারীগণের প্রতি আহ্বান জানান। | ২। 'এক ইঞ্চি জমিও ফাঁকা রাখা যাবে না' মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুসরণে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল ও আওতাধীন পরিদর্শন বাংলোর সামনের খালি জায়গায় মৌসুমী শাক-সবিজ/মসলা/তেল বীজ আবাদ করে প্রমাণক ছবিসহ ৩০/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | নেজারত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল (আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের কর্মকর্তা-কর্মচারীগণ নেজারত শাখাকে সার্বিক সহযোগিতা করেবেন) |

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯-০২-২০২৩
মো: জাহাঙ্গীর আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
০১৭১২৫৫১৬৯১
alamzahangir10@yahoo.com

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১৩.০১.০০০০.০০০.৩২.১৬৬.১৭.৩৭৩৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/ভোলা/পটুয়াখালী/বরগুনা।;
৩। জনাব ফণি ভুষণ দেব নাথ, উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল;
৪। ব্যবস্থাপক, বরিশাল সিএসডি, বরিশাল;
৫। জনাব মৌসুমী আক্তার, খাদ্য পরিদর্শক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল;
৬। জনাব মোঃ মিজানুর রহমান, প্রধান সহকারী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল;
৭। জনাব মোঃ লোকমান, উচ্চমান সহকারী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল;
৮। জনাব অনিমেষ হালদার, সহকারী উপ-খাদ্য পরিদর্শক, নেজারাত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল এবং
৯। শাখা প্রধান, নেজারত/হিসাব/মজুদ/মাননিয়ন্ত্রন শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।

১৯-০২-২০২৩
মো: জাহাঙ্গীর আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক